# বাঙলার পাঠশালা

রুম-আর-৩৫/এ, গাউসুল আজম সুপার মার্কেট, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
ইমেল : ronieleo@gmail.com, ফোন: ০১৯১৪-৪৪৪৩২০, ০১৯১৩-৭৫৬৩৭১।


তারিখ: ৩ সেপ্টেম্বর ২০২৬
বরাবর
বার্তা সম্পাদক
প্রচার সংখ্যায় শীর্ষে আপনার সুখ্যাত গণমাধ্যমে নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করে বাধিত করবেন।

শুভেচ্ছান্তে,

আহমেদ জাভেদ
সমন্বয়ক
ফোন: ০১৯১৪-৪৪৪৩২০

**প্রেস বিজ্ঞপ্তি**

বাঙলার পাঠশালা ফাউন্ডেশনের আয়োজনে ছয় মাসব্যাপী আন্তর্জাতিক পাঠচক্র-১৫

**মার্থা সি নাসব্যোম পাঠচক্রের উদ্বোধন**

**পাঠচক্রের বিষয়বস্তু: ভঙ্গুরতা ও ন্যায্যতার সন্ধানে: দর্শনের কর্তব্যব্যভার সম্পর্কে মার্থা সি. নাসব্যোম**

মার্থা সি নাসব্যোম পাঠচক্রের উদ্বোধনী অনুষ্ঠান ৪ সেপ্টেম্বর; সভাপতিত্ব করবেন অন্তরা দেব সেন

ঢাকা, ৩ সেপ্টেম্বর ২০২৬। বাঙলার পাঠশালা ফাউন্ডেশন আয়োজিত আন্তর্জাতিক একাডেমিক লেকচার সিরিজ 'মার্থা সি নাসব্যোম পাঠচক্র'-এর নিবন্ধন এখন শেষ পর্যায়ে। এই পাঠচক্রের উদ্বোধনী অনুষ্ঠান আগামীকাল ৪ সেপ্টেম্বর (শুক্রবার), রাত ১০টায় শুরু হয়ে রাত ১২টা পর্যন্ত চলবে। পাঠচক্রের নিয়মিত ক্লাস শুরু হবে ১২ সেপ্টেম্বর থেকে সপ্তাহের ১ম ও ৩য় শনিবার রাত ৯টা থেকে ১১টা পর্যন্ত, এবং পর্যায়ক্রমে ২০২৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত মোট ১১টি নিয়মিত অধিবেশন অনুষ্ঠিত হবে। অনলাইন জুম প্লাটফর্মে আয়োয়াজিত এই পাঠচক্রের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে " ভঙ্গুরতা ও ন্যায্যতার সন্ধানে: দর্শনের কর্তব্যব্যভার সম্পর্কে মার্থা সি. নাসব্যোম'।

**উদ্বোধনী অনুষ্ঠান:** অনুষ্ঠানে প্রধান অতিথি ও মূল বক্তা হিসেবে থাকবেন যুক্তরাষ্ট্রের বিখ্যাত শিকাগো বিশ্ববিদ্যালয়ের দর্শন ও আইন বিভাগের অধ্যাপক মার্থা সি নাসব্যোম। তাঁর বক্তৃতার বিষয়: 'প্রাণীদের জন্য ন্যায্যতা: অমানব সত্তা পর্যন্ত সক্ষমতা পন্থার সম্প্রসারণ'। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন প্রতীচী (ভারত) ট্রাস্টের ম্যানেজিং ট্রাস্টি এবং টাফ্‌টস ইউনিভার্সিটির ফ্লেচার স্কুল অব ল' এর হেনরি জে. লেয়ার ইনস্টিটিউটের সিনিয়র ফেলো অন্তরা দেব সেন। আলোচক হিসেবে বক্তব্য রাখবেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ. আই. মাহবুব উদ্দিন আহমেদ।

**আন্তর্জাতিক বক্তৃতামালা:** পাঠচক্রের আন্তর্জাতিক বক্তাদের মধ্যে আরও থাকছেন দার্শনিক ফিলিপ কিচার, অধ্যাপক জেরেমি ডেভিড বেনডিক-কেমার, ব্রিনা হল্যান্ড, ফ্রান্সেস মাঙ্গিনা, সারা প্রোতাসি, ইভা ফেডার কিটেয়, এমি লিঞ্চ, মর্টেন ফিবিগার বিসকভ, ইলেন আন্টারহাল্টার, হ্যারি ব্রিগহাউস এবং ইউকো কামিশিমাসহ বিশ্বের বিভিন্ন দেশের বিশিষ্ট গবেষক ও শিক্ষাবিদেরা।

**আয়োজনের লক্ষ্য:** আয়োজকদের ভাষ্যমতে, এই পাঠচক্রের লক্ষ্য হলো ন্যায্যতা, মানব মর্যাদা, গণতান্ত্রিক নাগরিকত্ব, মানবিক শিক্ষা, নারী ও মানব উন্নয়ন, ন্যয্যতার পরিধি: প্রতিবন্ধীত্ব, বার্ধক্য, ও মানব উন্নয়ন, প্রাণীর প্রতি নৈতিকতা, সাহিত্য, আইন ও সামাজিক যুক্তিতর্ক ইত্যাদি বিবিধ বিষয়ে আন্তর্জাতিক পরিসরে আলোচনায় বাংলাদেশ ও উন্নয়নশীল বিশ্বের তরুণ গবেষকদের যুক্ত করা। শিক্ষার্থী, শিক্ষক, গবেষক, অধিকারকর্মী, আইনজীবী, নীতিনির্ধারণ-সংশ্লিষ্ট ব্যক্তি এবং ন্যায্যতা ও মানব উন্নয়ন বিষয়ে আগ্রহী যে কেউ এতে অংশ নিতে

পারবেন। শতকরা আশি ভাগ ক্লাসে উপস্থিত অংশগ্রহণকারীদের একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদপত্র হাতে তুলে দেওয়া হবে।

**নিবন্ধন:** এই পাঠচক্রে আগামী ১২ সেপ্টেম্বর পর্যন্ত নিবন্ধনের সুযোগ রয়েছে। নিবন্ধন ফি: বাংলাদেশের জন্য ৮০০/- টাকা এবং আন্তর্জাতিক অংশগ্রহণকারীদের জন্য ২০ ইউএস ডলার। তবে নিবন্ধন ফি প্রদান বাধ্যতামূলক নয়। নিবন্ধনের বিস্তারিত তথ্য পাওয়া যাচ্ছে বাঙলার পাঠশালা ফাউন্ডেশনের ওয়েববসাইট ও ফেসবুক পেজে। বাঙলার পাঠশালা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা, চেয়ারপারর্সন এবং সিটি ইউনিভার্সিটি বাংলাদেশের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক আহমেদ জাভেদ চৌধুরী এই পাঠচক্রের সমন্বয়কের দায়িত্ব পালন করছেন। **যোগাযোগ: ফোন: +৮৮০১৭৩৭৩২৮৭৪৮, +৮৮০১৯১৪৪৪৪৩২০ ইমেইল:** ronieleo@gmail.com। m.maruf.hossain@gmail.com

**ফেসবুক:** www.facebook.com/bpathshala । www.facebook.com/groups/bpathshala

**লিংক:** https://us06web.zoom.us/j/85760710256?pwd=qqn0XIUhoNe5AjbjUCcwrZAIjGg1YB.1,মিটিং আইডি: ৮৫৭ ৬০৭১ ০২৫৬ । পাসওয়ার্ড: ৩৮৮১৬৯ ।